শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

# ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর

গাজীপুর-১৭০৭

স্মারক নং-৩৭.০১.৩৩০৪.১৫৩.১৮.৪২-৩.২০২৩.২৭ তারিখ: ০৪/০১/২০২৪ খ্রিঃ।

## পোস্টগ্র্যাজুয়েট প্রোগ্রামের অনলাইন কোর্স রেজিস্ট্রেশনের বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাইতেছে যে, অত্র বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগ ও ইনস্টিটিউট এর ২০২১-২০২২ শিক্ষাবর্ষের পোস্টগ্র্যাজুয়েট প্রোগ্রামের ফুল-টাইম ও পার্ট-টাইম শিক্ষার্থীদের নিম্নবর্ণিত সিডিউল অনুযায়ী যাবতীয় ফি'সমূহ **Nagad/SureCash**-এ জমাদানপূর্বক অনলাইন কোর্স রেজিস্ট্রেশনের কার্যক্রম সম্পন্ন করিতে হইবে।

**বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন খাতের ফি'সমূহের বিবরণ এবং জমাদানের তারিখ :-**

| ক্রমিক নং | খাতসমূহ | ফি'র পরিমাণ | সেমিস্টার | কোর্স ফি' | প্রজেক্ট/থিসিস ফি' | কোর্স রেজিস্ট্রেশন ও ফি' জমা দেওয়ার সময়সীমা |
|---|---|---|---|---|---|---|
| ১। | মেডিক্যাল ফি' | ১৫০.০০ | ২য় সেমিস্টার | ২৫০.০০ (প্রতি কোর্সের জন্য) | ৩০০.০০ (প্রতি ৩ ক্রেডিটের জন্য) | ২২/০১/২০২৪ খ্রিঃ হইতে ২৮/০১/২০২৪ খ্রিঃ তারিখ পর্যন্ত |
| ২। | টিউশন ফি' | ২৫০.০০ | | | | |
| ৩। | ছাত্র কল্যাণ ফি' | ১৫০.০০ | | | | |
| ৪। | ধর্মীয় ফি' | ৫০.০০ | | | | |
| ৫। | পরীক্ষার ফি' | ৩০০.০০ | | | | |
| ৬। | গ্রেডশীট ফি' | ১০০.০০ | | | | |
| ৭। | ম্যাগাজিন ফি' | ৫০.০০ | | | | |
| ৮। | খেলাধুলা ও সাংস্কৃতিক কার্যক্রম ফি' | ১০০.০০ | | | | |
| ৯। | যানবাহন ফি' | ১৫০.০০ | | | | |
| | মোট= | ১৩০০.০০ | | | | |

| | | |
|---|---|---|
| **বিলম্ব রেজিস্ট্রেশন** | ১,০০০/-(এক হাজার) টাকা জরিমানাসহ | ২৯/০১/২০২৪ খ্রিঃ হইতে ০৪/০২/২০২৪ খ্রিঃ তারিখ পর্যন্ত |

০২। **<u>হল-এর ফি' Upload:</u>** আগামী ১৪/০১/২০২৪ খ্রিঃ তারিখের মধ্যে অনলাইন (PGR) প্লাটফর্মে হল এর নির্ধারিত ফি'সমূহ Upload করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট হল এর প্রভোস্ট মহোদয়কে অনুরোধ করা হইল।

০৩। **হল-এর ফি' পরিশোধ:** শিক্ষার্থীদেরকে নিয়মমত হল-এর ফি'সমূহ সংশ্লিষ্ট হল কর্তৃপক্ষের নির্দেশনা অনুযায়ী কোর্স রেজিস্ট্রেশনের নির্ধারিত সময়সীমার মধ্যে পরিশোধ করিতে হইবে।

০৪। **কোর্স অফার:** আগামী ১৪/০১/২০২৪ খ্রিঃ তারিখের মধ্যে অনলাইন (PGR) প্লাটফর্মে অফারকৃত কোর্সের তালিকা Upload করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট বিভাগের বিভাগীয় প্রধান ও ইনস্টিটিউটের পরিচালক মহোদয়কে অনুরোধ করা হইল।

সেই সঙ্গে অফারকৃত কোর্সের তালিকার হার্ডকপি স্ব-স্ব বিভাগের বিভাগীয় প্রধান/ইনস্টিটিউটের পরিচালক মহোদয়ের স্বাক্ষর ও সীলসহ রেজিস্ট্রার অফিসে প্রেরণের জন্য অনুরোধ করা হইল।

০৫। **কোর্স রেজিস্ট্রেশনের বিষয়ে নিম্নোক্ত নিয়মাবলী অবশ্যই অনুসরণ করিতে হইবে :-**

(১) বিশ্ববিদ্যালয়ের যাবতীয় ফি' ও কোর্স রেজিস্ট্রেশন ফি' এবং হল-এর যাবতীয় পাওনাদি শিক্ষার্থী কর্তৃক পরিশোধের বিষয়টি নিশ্চিতপূর্বক স্ব-স্ব বিভাগ/ইনস্টিটিউটের কোর্স কো-অর্ডিনেটর/এ্যাডভাইজর অনলাইনের মাধ্যমে কোর্স অনুমোদন করিবেন;

(২) শিক্ষার্থীদের তাহাদের নিজ নিজ সুপারভাইজর/কোর্স কো-অর্ডিনেটরের সহিত পরামর্শক্রমে কোর্স নির্বাচন করার পর PGR সিস্টেমে অনলাইন রেজিস্ট্রেশনের কার্যক্রম সম্পন্ন করিতে হইবে;

(৩) অনলাইন রেজিস্ট্রেশন কার্যক্রম চলাকালীন PGR সিস্টেমে নিজ নিজ সুপারভাইজর/কোর্স কো-অর্ডিনেটরের প্যানেল থেকে বিশেষ প্রয়োজনে কোর্স পরিবর্তন/সংশোধন করা যাইবে;

(৪) অনলাইন কোর্স রেজিস্ট্রেশনের নির্ধারিত সময় অতিক্রান্তের পর সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান/ইনস্টিটিউট পরিচালকের মাধ্যমে ও যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে রেজিস্ট্রেশনকৃত কোর্সের সংখ্যা হ্রাস/বৃদ্ধি অথবা কোর্স কোড পরিবর্তন/সংশোধন করা যাইবে।

(৫) পোস্টগ্র্যাজুয়েট প্রোগ্রামের সকল শিক্ষার্থীকে বিশ্ববিদ্যালয়ের নির্দিষ্ট হল এর সহিত সংযুক্ত থাকিতে হইবে; এবং

(৬) নির্ধারিত তারিখের মধ্যেই অনলাইন কোর্স রেজিস্ট্রেশনের যাবতীয় কার্যক্রম সম্পন্ন করিতে হইবে এবং নির্ধারিত সময়ের পরে কোন কোর্স রেজিস্ট্রেশন গ্রহণযোগ্য হইবে না।

০৬। **অনলাইন রেজিস্ট্রেশন প্রক্রিয়া স্থগিতের কারণসমূহ :-** (বিশ্ববিদ্যালয়ের স্মারক নং-ঢাপ্রপ্রবি/শি:শা:/পো:গ্র্যা:/ফি/ভর্তি/কো:রে:/৪২-৩/০৪/৪৫১; তারিখ : ১৩/০২/২০২৩ খ্রিঃ)

(১) অত্র বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত শিক্ষার্থীদের মধ্যে যেসকল শিক্ষার্থী রুলস্ এন্ড রেগুলেশনস্ ফর পোস্টগ্র্যাজুয়েট প্রোগ্রামের ধারা 4.16 অনুযায়ী পিজিডি, মাস্টার্স, এমএসসি, এম ইঞ্জি., এমএসসি ইঞ্জি. ও এমফিল ডিগ্রী চলাকালীন ৪ বা এর অধিক F গ্রেড প্রাপ্ত হইলে, উক্ত প্রোগ্রামটি চলমান থাকার অনুমতি থাকিবে না (shall not be allowed to continue the program) এবং দ্বিতীয় বা পরবর্তী সেমিস্টারের অনলাইন রেজিস্ট্রেশন করার ক্ষেত্রে PGR সিস্টেমে সেই সকল শিক্ষার্থীর রেজিস্ট্রেশন প্রক্রিয়া স্থগিত থাকিবে;

(২) ধারা 4.17 অনুযায়ী পোস্টগ্র্যাজুয়েট প্রোগ্রাম (পিজিডি, মাস্টার্স, এমএসসি, এম ইঞ্জি., এমএসসি ইঞ্জি. ও এমফিল প্রোগ্রাম) চলাকালীন কোন শিক্ষার্থীর ২য় বা তৎপরবর্তী কোন সেমিস্টারে অর্জিত সিজিপিএ ২.৫০ এর নীচে হইলে উক্ত প্রোগ্রামটি চলমান থাকার অনুমতি থাকিবে না (shall not be allowed to continue the program) এবং পরবর্তী সেমিস্টারের অনলাইন রেজিস্ট্রেশন করার ক্ষেত্রে PGR সিস্টেমে সেই সকল শিক্ষার্থীর রেজিস্ট্রেশন প্রক্রিয়া স্থগিত থাকিবে;

(৩) ধারা 11.2 অনুযায়ী পোস্টগ্র্যাজুয়েট প্রোগ্রাম (পিএইচডি প্রোগ্রাম) চলাকালীন একসঙ্গে গ্রহণকৃত এক বা একাধিক কোর্সে মোট ২ বা এর অধিক F গ্রেড প্রাপ্ত হইলে, উক্ত প্রোগ্রামটি চলমান থাকার অনুমতি থাকিবে না (shall not be allowed to continue the program) এবং দ্বিতীয় বা পরবর্তী সেমিস্টারের অনলাইন রেজিস্ট্রেশন করার ক্ষেত্রে PGR সিস্টেমে সেই সকল শিক্ষার্থীর রেজিস্ট্রেশন প্রক্রিয়া স্থগিত থাকিবে;

চলমান পাতা-০২

(৪) ধারা 11.3 অনুযায়ী পোস্টগ্র্যাজুয়েট প্রোগ্রাম (পিএইচডি প্রোগ্রাম) চলাকালীন থিওরি কোর্স ০৩(তিন) সেমিস্টারের মধ্যে সম্পন্ন করিতে ব্যর্থ হইলে, উক্ত প্রোগ্রামটি চলমান থাকার অনুমতি থাকিবে না (shall not be allowed to continue the program) এবং পরবর্তী সেমিস্টারের অনলাইন রেজিস্ট্রেশন করার ক্ষেত্রে PGR সিস্টেমে সেই সকল শিক্ষার্থীর রেজিস্ট্রেশন প্রক্রিয়া স্থগিত থাকিবে; এবং

(৫) পোস্টগ্র্যাজুয়েট প্রোগ্রামে অধ্যয়নরত শিক্ষার্থীদের মধ্যে যেসকল শিক্ষার্থী কোন সেমিস্টারে বিরতি/অনুপস্থিত থাকিবে, সেই সকল শিক্ষার্থীকে বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফি'সমূহ (কোর্স ফি' বাদে) পরিশোধ পূর্বক সংশ্লিষ্ট সেমিস্টারে (যে সেমিস্টারে ডিগ্রি সম্পন্ন হইবে, সেই সেমিস্টার পর্যন্ত) বাধ্যতামূলক Non-Credit রেজিস্ট্রেশন করিতে হইবে। অন্যথায় ধারা 9(i) (পিজিডি, মাস্টার্স, এমএসসি, এম ইঞ্জি., এমএসসি ইঞ্জি. ও এম ফিল ডিগ্রী) এবং ধারা 14(i) (পিএইচডি ডিগ্রী) অনুযায়ী পরবর্তী সেমিস্টারের অনলাইন রেজিস্ট্রেশন করার ক্ষেত্রে PGR সিস্টেমে সেই সকল শিক্ষার্থীর রেজিস্ট্রেশন প্রক্রিয়া স্থগিত থাকিবে।

০৭। একাডেমিক রুলস্ এন্ড রেগুলেশনস্ ফর পোস্টগ্র্যাজুয়েট প্রোগ্রাম-এ উল্লেখিত/নির্ধারিত Course Duration সমাপ্ত হওয়ার সাথে সাথেই পোস্টগ্র্যাজুয়েট প্রোগ্রামের শিক্ষার্থীদের পরবর্তী সেমিস্টারের অনলাইন রেজিস্ট্রেশন করার ক্ষেত্রে PGR সিস্টেমে রেজিস্ট্রেশন প্রক্রিয়া স্থগিত থাকিবে।

০৮। পোস্টগ্র্যাজুয়েট প্রোগ্রামের শিক্ষার্থীদের চলতি সেমিস্টারের অনলাইন রেজিস্ট্রেশন **আগামী ০৫/০৫/২০২৪ খ্রি: তারিখের মধ্যে চূড়ান্ত অনুমোদনের** প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট বিভাগের বিভাগীয় প্রধান/ইনস্টিটিউটের পরিচালক মহোদয়কে বিশেষভাবে অনুরোধ করা হইল।

০৯। পোস্টগ্র্যাজুয়েট প্রোগ্রামের শিক্ষার্থীদের চলতি সেমিস্টারের অনুমোদিত কোর্স রেজিস্ট্রেশন ফরমের কপি অনলাইন রেজিস্ট্রেশন প্লাটফরম (www.pgr.duetbd.org) থেকে সংগ্রহ করিতে হইবে। **উক্ত অনুমোদিত রেজিস্ট্রেশন ফরমটি পরীক্ষার সময় প্রবেশ পত্র হিসেবে সঙ্গে রাখিতে হইবে।**

04.01.24

(অধ্যাপক ড. হিমাংশু ভৌমিক)
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)
ফোন : ৪৯২৭৪০০৩ (অফিস)

স্মারক নং-৩৭.০১.৩৩০৪.১৫৩.১৮.৪২-৩.২০২৩.২৭ তারিখ : ০৪/০১/২০২৪ খ্রিঃ।

**সদয় অবগতি ও কার্যার্থে (প্রযোজ্য ক্ষেত্রে) অনুলিপি :-**

**(তালিকা জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)**

১। পিএস টু ভিসি (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। এপিএস টু প্রো-ভিসি (প্রো-ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩। সকল-ডিন/বিভাগীয় প্রধান/পরিচালক/হল প্রভোস্ট/অফিস প্রধান/শাখা প্রধান।
৪। পরীক্ষা নিয়ন্ত্রক।
৫। পরিচালক, কম্পিউটার সেন্টার
(বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল)।
৬। চেয়ারম্যান, আইসিটি সেল।
৭। সকল কোর্স কো-অর্ডিনেটর/এ্যাডভাইজর, পোস্টগ্র্যাজুয়েট প্রোগ্রাম, সংশ্লিষ্ট বিভাগ/ইনস্টিটিউট।
৮। সকল নোটিশ বোর্ড।
৯। সংরক্ষণ নথি/গার্ড ফাইল।

08/01/2024
(আবদুল্লাহ আল মাহমুদ)
ডেপুটি রেজিস্ট্রার (সংস্থাপন শাখা) এবং
অতিরিক্ত দায়িত্ব, একাডেমিক শাখা